ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৫২

খোয়াই, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**খোয়াইয়ে আদি কর্মযোগী অভিযান বিষয়ক সভা অনুষ্ঠিত**

খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে গত ৪ সেপ্টেম্বর খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থের সভাপতিত্বে আদি কর্মযোগী অভিযান বিষয়ক এক বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত বৈঠকে জেলাশাসক রজত পন্থ বক্তব্য রাখতে গিয়ে বলেন, জেলার অন্তর্গত বিভিন্ন ব্লক এলাকায় বসবাসরত জনজাতি অংশের মানুষের আর্থ সামাজিক মান উন্নয়নে ও জনজাতি এলাকায় বিভিন্ন পরিষেবা প্রদানে বিভিন্ন দপ্তরের সমন্বয়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, খোয়াই মহকুমার মহকুমা শাসক নির্মল কুমার, জেলা জনজাতি কল্যাণ আধিকারিক রূপাঞ্জন দাস, খোয়াই, তেলিয়ামুড়া, পদ্মবিল, তুলাশিখর, মুঙ্গিয়াকামী ও কল্যাণপুর ব্লকের বিডিওগণ, এনজিও প্রতিনিধিগণ, পূর্ত, ডিডব্লিউএস, স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, তথ্য ও সংস্কৃতি, টিআরএলএম, বন, বিদ্যুৎ, জলসেচ, গ্রামোন্নয়ন সহ বিভিন্ন কার্যালেয়র আধিকারিক ও কর্মচারীগণ।

********